

ভিডিও কনফারেন্স এর মাধ্যমে ডট বাংলা ডোমেইন এর
উদ্বোধনী বক্তব্যের টকিং পয়েন্টঃ

মাননীয় প্রধানমন্ত্রী

শেখ হাসিনা

শনিবার, ৩১ ডিসেম্বর ২০১৬, গণভবন, ঢাকা

বিসমিল্লাহির রাহমানির রাহিম

উপস্থিত সুধিবৃন্দ, সবাইকে আমার শুভেচ্ছা জানাচ্ছি।

- ডিসেম্বর আমাদের বিজয়ের মাস। তাই শুরুতেই আমি স্মরণ করছি সর্বকালের শ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহীদ ও সন্ত্রাস হারা ২ লাখ মা-বোনের প্রতি শ্রদ্ধা জানাই।
- আজ ইংরেজী বছরের শেষ দিন। সবাইকে ইংরেজী নব-বর্ষের আগাম শুভেচ্ছা।
- ‘ডট বাংলা’ (.বাংলা) চালুর ফলে বিশ্বের বাংলা ভাষাভাষী মানুষ মাতৃভাষায় ইন্টারনেটে প্রবেশ ও ব্যবহার করতে পারবে।
- ডট বাংলা চালুর ফলে ইন্টারনেটে বাংলা ভাষার চাহিদা ও ব্যবহার বৃদ্ধিসহ বাংলা কনটেন্ট তৈরি উৎসাহিত হবে।
- এটি চালুর ফলে ই-কমার্স, ই-কৃষি, ই-শিক্ষা, ই-স্বাস্থ্য ইত্যাদি সেবাসমূহ আরও প্রসার লাভ করবে। এর যথাযথ ব্যবহার স্থানীয় ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটাবে।
- বাংলা ডোমেইন সর্বস্তরে বাংলা ভাষা প্রচলনের ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে।
- এটি চালুর আগে ইন্টারনেটে বাংলা ভাষায় ওয়েব সাইটের এড্রেস দেওয়া যেত না।
- ICANN (International Corporation of Assigned Name and Number) কর্তৃক বাংলা IDN Country Code Top Level Domain (ccTLD) অনুমোদন করায় এখন থেকে ইন্টারনেটে বাংলা ভাষায় ওয়েব সাইটের এড্রেস দেওয়া যাবে।
- বিশ্বের যে কোন স্থান থেকে বাংলা ভাষা ব্যবহার করে বাংলায় তৈরি ওয়েব এড্রেসে প্রবেশ করা যাবে।
- ২১ ফেব্রুয়ারি ২০১০ সালে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে আমি ডট বাংলাকে IDN (Internationalized Domain Network)-এ অন্তর্ভুক্তির ঘোষণা দিয়ে ছিলাম।
- পরবর্তীতে সময় সাপেক্ষ নানা প্রক্রিয়া শেষে বাংলা string evaluation, Root Zone Delegation, সার্ভার ও সফটওয়্যার স্থাপনসহ কারিগরি প্রস্তুতি, Internet Authority (IANA). ICANN এবং যুক্তরাষ্ট্র এর Department of Commerce অনুমোদন নেওয়া হয়।
- অবশেষে ৪ অক্টোবর ২০১৬ তারিখে ‘ডট বাংলা ডোমেইন’ (.বাংলা ডোমেইন) নামে এটি চালু হয়।
- .বাংলা ডোমেইন এর Administrative contact এবং Technical contact এর দায়িত্ব পালন করবে বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড (বিটিসিএল)।
- বিটিসিএল এর ওয়েবসাইট ‘www.btcl.com.bd’-তে এখন থেকে ইন্টারনেট ব্রাউজারের এড্রেস বারে ‘বিটিসিএল.বাংলা’ লিখেও প্রবেশ করা যাবে।
- শুধুমাত্র বাংলা ওয়েব Address এর মাধ্যমে ওয়েবসাইট পরিচালনা করা যাবে।
- ডট বাংলা চালুর ফলে আইসিটি খাতে অগ্রগতির উজ্জ্বল সম্ভাবনা তৈরি হয়েছে।

- ডট বাংলা কেবল একটি ডোমেইন'র নাম নয়, এটি আজ বাঙালি জাতির আত্ম পরিচয়ের একটি প্রতীক। ডট বাংলা'র বিজয় ভাষা শহীদদের বিজয়।
- এ বিজয় মহান মুক্তিযুদ্ধের বিজয়, সমগ্র বাংলাদেশের মানুষের বিজয়।
- ডিজিটাল বাংলাদেশ আজ আর স্বপ্ন নয়, দৃশ্যমান বাস্তবতা।
- বাংলাদেশ এখন উন্নয়নের মহাসড়কে দ্রুত অগ্রসরমান। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে।
- জাতির পিতার ভাষায় 'কেউ আমাদের দাবায়ে রাখতে পারবা না'।
- ২০২১ সালে আইটি সেক্টরে ১০ লাখ লোকের কর্মসংস্থানের লক্ষ্যে কালিয়াকৈরে ৩৫৫ একর জমির ওপর পিপিপি'র ভিত্তিতে হাই-টেক পার্ক নির্মাণ করা হচ্ছে।
- দারিদ্র্যসীমা ২০০৫ সালে থাকা ৪০% থেকে কমিয়ে ২০১৫ সালে ২২ দশমিক ৪% এ নামিয়ে আনা হয়েছে।
- 'লাইফ সাইকেল বেজ' এর মাধ্যমে সন্তান মাতৃগর্ভে আসার পর হতে মৃত্যু পর্যন্ত সকল পর্যায়ে দরিদ্র জনগোষ্ঠীকে রাষ্ট্রীয় সেবা দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে।
- মাথাপিছু আয় বর্তমানে ১ হাজার ৪৬৬ মার্কিন ডলার হয়েছে।
- ২০০৫-০৬ সালে যেখানে রপ্তানী আয় ছিল ১০ দশমিক ৫ বিলিয়ন মার্কিন ডলার সেখানে বর্তমান অর্থবছরে তা ৩৪ বিলিয়ন ডলারে পৌঁছেছে।
- বৈদেশিক মুদ্রার মজুদ বর্তমানে ৩২ বিলিয়ন মার্কিন ডলার।
- আমাদের উন্নয়ন প্রকল্পের ৯০% নিজস্ব অর্থায়নেই বাস্তবায়ন করছি।
- দেড় কোটি মানুষের কর্ম সংস্থান হয়েছে। ৫ কোটি মানুষ মধ্যবিত্তে উন্নীত হয়েছে।
- ১৬ হাজার ৪৩৮ টি কমিউনিটি ক্লিনিক থেকে স্বাস্থ্য সেবা দেওয়া হচ্ছে।
- আশ্রয়ণ, ঘরে ফেরা ও একটি বাড়ি একটি খামারসহ ১২৮ টি সামাজিক নিরাপত্তা বেষ্টনীর কার্যক্রম প্রান্তিক জনপদে বিভিন্ন অবহেলিত শ্রেণির মানুষ ভোগ করছে।
- সারাদেশে ৫ হাজার ২৭৫ টি ডিজিটাল সেন্টার গড়ে তোলা হয়েছে।
- গত ৭ বছরে দেশে ৮০টি নতুন বিদ্যুৎ কেন্দ্র তৈরি করে আমরা বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ১৫ হাজার মেগাওয়াটে উন্নীত করেছি।
- দেশের ৭৮% মানুষ এখন বিদ্যুত পাচ্ছে। দেশে অফগ্রীড এলাকার ৪৫ লক্ষ সোলার হোম সিস্টেম স্থাপন করা হয়েছে।
- দেশে ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলার উদ্যোগ নিয়েছি।
- আমরা কতগুলো ফার্স্ট ট্রাক প্রকল্প গ্রহণ করেছি। গভীর সমুদ্রবন্দর, পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র, কয়লাভিত্তিক বিদ্যুৎ প্রকল্প, মেট্রোরেল, আন্তঃদেশীয় রেল প্রকল্প এবং এলএনজি টার্মিনাল নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে।
- বঙ্গবন্ধু স্যাটেলাইট ও কর্ণফুলি নদীর তলদেশে দেশের প্রথম টানেল নির্মাণের কাজ এগিয়ে নেওয়া হচ্ছে। নিজস্ব অর্থায়নে পদ্মা সেতু নির্মাণ করা হচ্ছে।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

খোদা হাফেজ,

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,

বাংলাদেশ চিরজীবী হোক।

...